

তোমরা হাসিয়া বহিয়া চলিয়া যাও কুলুকুলুকল নদীর স্রোতের মতো ।  
 আমরা তীরেতে দাঁড়ায়ে চাহিয়া থাকি, মরমে গুমরি মরিছে কামনা কত ।  
 আপনা-আপনি কানাকানি কর সুখে, কৌতুকছটা উছলিছে চোখে মুখে,  
 কমলচরণ পড়িছে ধরণী-মাঝে, কনকপুর রিনিিকি ঝিনিিকি বাজে ॥

অঙ্গে অঙ্গ বাঁধিছ রঙ্গপাশে, বাহুতে বাহুতে জড়িত ললিত লতা ।  
 ইঙ্গিতরসে ধনিয়া উঠিছে হাসি, নয়নে নয়নে বহিছে গোপন কথা ।  
 আঁখি নত করি একেলা গাঁথিছ ফুল, মুকুর লইয়া যতনে বাঁধিছ চুল ।  
 গোপন হৃদয়ে আপনি করিছ খেলা—  
 কী কথা ভাবিছ, কেমনে কাটিছে বেলা ॥

আমরা বৃহৎ অবোধ ঝড়ের মতো আপন আবেগে ছুটিয়া চলিয়া আসি,  
 বিপুল আঁধারে অসীম আকাশ ছেয়ে টুটিবারে চাহি আপন হৃদয়রাশি ।  
 তোমরা বিজুলি হাসিতে হাসিতে চাও, আঁধার ছেদিয়া মরম বিঁধিয়া দাও—  
 গগনের গায়ে আশ্বিনের রেখা আঁকি চকিত চরণে চলে যাও দিয়ে ফাঁকি ॥

অযতনে বিধি গড়েছে মোদের দেহ, নয়ন অধর দেয় নি ভাষায় ভরে—  
 মোহনমধুর মন্ত্র জানি নে মোরা, আপনা প্রকাশ করিব কেমন ক'রে ।  
 তোমরা কোথায় আমরা কোথায় আছি,  
 কোনো সুলগনে হব না কি কাছাকাছি—  
 তোমরা হাসিয়া বহিয়া চলিয়া যাবে, আমরা দাঁড়ায়ে রহিব এমনি ভাবে ॥

---

Parjaay: Bichitro, Taal: Ektaal, Style: Kanara-Kirtan  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail